

২০২৩

বাংলা

(প্রোগ্রাম)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

তৃতীয় সেমিস্টার

কোর্স কোড : BNG-G-SEC-T-1

(প্রফ সংশোধন, সাহিত্যপাঠ ও প্রয়োগবৈচিত্র্য)

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$

- ক) 'কি' ও 'কী'-এর ব্যবহার-সংক্রান্ত বিধি লেখো।
- খ) গত-বিধান বলতে কী বোঝায়?
- গ) 'না' ও 'নি'-এর ব্যবহার-সংক্রান্ত নিয়মগুলি লেখো।
- ঘ) তৎসম শব্দের ক্ষেত্রে বানান বিষয়ে যে যে সিদ্ধান্তগুলি নেওয়া হয়েছে তা সংক্ষেপে লেখো।
- ঙ) নাটকে 'ত্রয়ী-ঐক্য' বলতে কী বোঝায়?
- চ) প্রফ সংশোধনের ক্ষেত্রে 'জুড়ে দিতে' এবং 'বাদ দিতে' কোন চিহ্ন ব্যবহৃত হয়?
- ছ) প্রফ সংশোধনের ক্ষেত্রে 'See copy' কখন ব্যবহৃত হয়?
- জ) গ্রন্থ পর্যালোচনার দুটি গুরুত্ব লেখো।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- ক) তোমার পাঠ্য একটি গল্পের নাট্যরূপ নির্মাণ করো।
- খ) একটি আলোচনাচক্রের পরিকল্পনা কীভাবে করা হয় আলোচনা করো।

(পরের পাতায়)

গ) শ্রেণিকক্ষে সাহিত্য পাঠদানের কলাকৌশলগুলি সংক্ষেপে লেখো।

ঘ) তোমার পাঠ্য একটি গ্রন্থের গ্রন্থ-সমালোচনা প্রস্তুত করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

ক) প্রফ সংশোধন করো —

কম্পোজ ম্যাটার —

শব পথ হার বার পর

বুজি মেলে খোঁজ আননার

একদিন যেনা হারিয়ে

চনা মুখ শহড় ছাড়িয়ে

ও জানা প্রান্তরেই

ইকটা শিমুল আর আকাশ জেকানে

মুখোমুখি চায় পরস্প রে

মূল কপি —

সব পথ হারাবার পর

বুঝি খোঁজ মেলে আপনার।

একদিন যেওনা হারিয়ে

চেনা মুখ শহর ছাড়িয়ে

অজানা প্রান্তরে,

একটা শিমুল আর আকাশ যেখানে

মুখোমুখি চায় পরস্পরে।

খ) একজন প্রফ-রিডারের দায়িত্ব সম্পর্কে যা জানো লেখো।

গ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি বিষয়ে বিস্তারিত আলোচনা করো।

ঘ) শ্রেণিকক্ষে কীভাবে কবিতা পাঠদান করা হবে তা সবিস্তারে লেখো।